

‘কলম্বো প্রসেসের থিয়েমেটিক এরিয়া ওয়ার্কিং গ্রুপ’ এর চতুর্থ অনলাইন সভা

আজ ০৬ সেপ্টেম্বর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আয়োজনে ‘কলম্বো প্রসেসের থিয়েমেটিক এরিয়া ওয়ার্কিং গ্রুপ’ এর চতুর্থ অনলাইন (Via Blue Jeans) সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্মী নিয়োগে নেতৃত্বাত্মক চর্চা বিষয়ে আলোচনা হয়। আইওএম এবং কলম্বো প্রসেসের টেকনিক্যাল সাপোর্ট ইউনিটের যৌথ সহযোগিতায় এই অনলাইন সভাটি অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। কলম্বো প্রসেসের সদস্য রাষ্ট্রের মধ্যে আফগানিস্তান, ভারত, ফিলিপাইন, শ্রীলংকা, থাইল্যান্ড এবং ভিয়েতনাম এ সভায় অংশগ্রহণ করেন। পাশাপাশি উন্নয়ন সহযোগি সংস্থার মধ্যে এসডিসি, আইএলও এবং আইওএম সক্রিয় অংশগ্রহণ করে। আগামী মাসে জেনেভায় অনুষ্ঠিতব্য ‘গ্লোবাল কমপেন্ট ফর মাইগ্রেশন’ এর থিয়েমেটিক সেশন শোভন কাজ এবং শ্রম গতিশীলতার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সভায় কিছু সুনির্দিষ্ট সুপারিশমালাও গ্রহণ করা হয় যা সদস্য রাষ্ট্র সমূহের মধ্যে বিনিময় করা হবে।

